দৈনিক সংবাদ

তারিখ ৬।৯।৯১
পৃষ্ঠা ১ কলাম ১

# রাজশাহী মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকাল বন্ধ ঘোষণা

রাজশাহী, ৫ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।— রাজশাহী মেডিক্যাল কলেজ একাডেমিক কাউন্সিল আজ থেকে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছে। আজ বিকেলে ছাত্রদের এবং আগামীকাল সকাল ৮টার মধ্যে ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়।

মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে বিরাজমান উত্তেজনাকর পরিস্থিতির প্রেক্ষিতে আজ দুপুরে একাডেমিক কাউন্সিলের জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয় বলে কলেজ কর্তৃপক্ষ জানান।

গত ২রা সেপ্টেম্বর রাতে ছাত্র ইউনিয়ন কর্মী প্রথম বর্ষের ছাত্র মামুনকে একদল ছাত্র মৈত্রী কর্মী নিজেদের দলে টানার চেষ্টা করলে দুই সংগঠনের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। এ

রাজশাহী ঃ পৃঃ ৮ কঃ ৪

## রাজশাহী ঃ মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

(১ম পাতার পর)

নিয়ে গত দু'দিন ধরে ক্যাম্পাসে চাপা উত্তেজনা বিরাজ করে। তবে আজ সকাল থেকে ক্যাম্পাসের পরিস্থিতি শান্ত ছিল বলে কিছু ছাত্রছাত্রী জানায়।

সন্ধ্যায় হল ত্যাগের সময় শহরের সোনাদীঘি মোড়ে দুই সংগঠনের কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কয়েক রাউণ্ড কাঁদানে গ্যাস ছোড়ে।